

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৫৮২

আগরতলা, ২৩ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

আজ ২৩ অক্টোবর, ২০২৪ দৈনিক সংবাদ পত্রিকায় ‘মধুপুর স্বাস্থ্যকেন্দ্রে মেশিন থাকার সত্ত্বেও বাইরে টেস্ট করতে হচ্ছে রোগীদের’ শিরোনামে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, প্রকাশিত সংবাদ সঠিক নয়। মধুপুর হাসপাতালে সেমি অটো অ্যানালাইজার রয়েছে, যাতে সিরাম সোডিয়াম, সিরাম পটাসিয়াম, সিরাম অ্যামাইলেস, সিরাম লাইপেজ পরীক্ষা করা হয়। জেএএস ফান্ড থেকে এই পরীক্ষাগুলোর জন্য প্রয়োজনীয় রিএজেন্ট ক্রয় করা হয়। এই ধরনের সেমি অটো অ্যানালাইজারের মাধ্যমে টেস্ট করার জন্য রিএজেন্টের যোগান যেহেতু মহকুমা হাসপাতালে থাকে, তাই জেএএস ফাণ্ডের সংকটে এই টেস্টগুলো মহকুমা হাসপাতালে করানোর জন্য রোগী ও তার পরিজনদের অনুরোধ জানানো হয়। কোনও চিকিৎসক বা ল্যাবটেকনিশিয়ান যে সমস্ত টেস্টের ব্যবস্থা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নেই, সেগুলো প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের বাইরের ল্যাবরেটরিতে করানোর পরামর্শ দেন না। মধুপুর হাসপাতালে ল্যাবরেটরী পরিষেবা উন্নত করার আরো একগুচ্ছ পরিকল্পনাও রয়েছে। বর্তমানে বিভিন্ন ধরনের পরীক্ষা এই ল্যাবরেটরিতে নিয়মিত করা হচ্ছে।
